উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদ মে/২০২৩ মাসে অনুষ্ঠিত (৪৭ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৯.০৫.২০২৩ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় অদ্যকার সভায় উপস্থিত থাকায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়। শত ব্যস্ততার মাঝেও রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় অদ্যকার সভায় উপস্থিত থাকায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে মে/২৩ মাস পর্যন্ত অ্যাস্ট্রেজেনিকা, ফাইজার ও সিনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ১০২৮৫৫৬ জন, ২য় ডোজ ৩১২৮৩০ জন ও ৩য় ডোজ ৫২৯৮৫৯ জন ও ৪র্থ ডোজ ৬৫২৬ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, এ বছর খরিপ-১ মৌসুমে ১০০৯২ হেক্টর জমিতে পাট, ১৯৩০ হেক্টর জমিতে তিল, ৬২০ হেক্টর জমিতে আউশ এবং ৮২০ হেক্টর জমিতে গ্রম্মকালীন শাক সবজি আবাদ হয়েছে। এছাড়া আসন্ন আমন মৌসুমে উচ্চ ফলনশীল জাতের ধান আবাদের জন্য কৃষকের মাঝে প্রচারণা করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, ১লা জুন সারা বিশ্বের ন্যায় রাজবাড়ীতেও বিশ্ব দুগ্ধ দিবস পালিত হবে। প্রাণিসম্পদ বিভাগের উদ্যোগে রাজবাড়ী জেলার ৪ (চার) টি স্কুলে সারা বছর স্কুল চলাকালীন দিনগুলোতে বিনামূল্যে দুধ পান করানো কর্মসুচী চালু হবে। উড়াকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় এই কর্মসুচীর আওতায় এসেছে। এ বিষয়ে ভূমিকা রাখার জন্য সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী আলহাজ কাজী কেরামত আলী, এমপি; উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং ভাইস চেয়ারম্যান দ্বয়ের প্রতি কৃতজ্ঞতা জানান। কোরবানির পশুর হাটে দায়িত্ব পালনের জন্য ২(দুই) টি ভেটেরিনারি টিম কাজ করবে। প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, প্রয়োজনের তুলনায় বেশি কোরবানির পশু মজুদ রয়েছে। প্রতিবারের মত এবারও ঢাকা, চট্টগ্রামসহ রাজবাড়ীর আশেপাশের জেলাগুলোতেও রাজবাড়ী থেকে কোরবানির পশু যাবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জাটকা সংরক্ষণ অভিযান: মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী প্রতিবছর ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ৮ মাস জাটকা সংরক্ষণ অভিযান চলে। উক্ত সময়ে জাটকা (২৫ সেমি এর ছোট ইলিশ) আহরণ, বিক্রয়, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। জাটকা সংরক্ষণের জন্য নদী এবং বাজারে অভিযান অব্যাহত রয়েছে। বাজারগুলোতে যেন জাটকা বিক্রি না হয় সেজন্য সকলের সহযোগিতা প্রত্যাশা করছি।<br>মৎস্য ভিজিএফঃ জাটকা আহরণে বিরত থাকা ১৫৮২ টি ইলিশ জেলে পরিবারের মাঝে এপ্রিল-মে দুই মাসের জন্য ৮০ কেজি করে মোট ১২৬.৫৬ মেট্রিক টন ভিজিএফ চাল বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট চেয়ারবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করছি।<br>ইলিশের সংরক্ষণ ও উন্নয়নের জন্য জাটকা আহরণে বিরত থাকা ইলিশ জেলেদের জন্য প্রতি মাসে জন্য প্রতি মাসে ৪০ কেজি হারে ফেব্রুয়ারি হতে মে মাস মোট চার মাসের জন্য পরিবার প্রতি ১৬০ কেজি করে মৎস্য ভিজিএফ বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু অনেকক্ষেত্রে দেখা যায় অনেক নামমাত্র ইলিশ জেলে শুধু মা ইলিশ সংরক্ষণ অভিযানের নিষিদ্ধকালীন সময়ে আইন অমান্য করে ইলিশ আহরণ করে জাটকা ইলিশসহ ইলিশ সম্পদের ব্যাপক ক্ষতি সাধন করছে উপরন্তু তারা সরকারি ভিজিএফ সুবিধাও গ্রহণ করছে। ইলিশ সম্পদের ক্ষতি সাধনে নিয়োজিত এ সমস্ত জেলেরা যেন ভিজিএফ সুবিধার আওতায় না আসতে পারে সেজন্য সংশ্লিষ্ট চেয়ারবৃন্দের প্রতি অনুরোধ জানাচ্ছি।<br>বাঁধঃ রাজবাড়ী সদর উপজেলার পদ্মা নদীতে আর কোন বাঁধ নাই। প্রশাসন এবং জনপ্রতিনিধিবৃন্দের সহযোগিতায় মৎস্য বিভাগ নিয়মিত অভিযান পরিচালনার ফলে এটা সম্ভব হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।<br>এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে মা ইলিশ সংলক্ষণ অভিযানে ইলিশ আহরণকারী জেলেদের ভিজিএফ সুবিধার আওতামুক্ত রাখার জন্য নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।<br>২) চেয়ারম্যান (সকল) ইউপি, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। তার বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, চলতি মাসে ১০২ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে এপ্রিল-জুন, ২০২৩ মাসের বয়স্ক ভাতার ৪র্থ কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বয়স্ক ভাতার অনুমোদিত সংখ্যা ১০,৯৬৩ জন।<br>২০২২-২৩ অর্থবছরে এপ্রিল-জুন, ২০২৩ মাসের বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ৪র্থ কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার সংখ্যা ৩,৩৫৯ জন।<br>২০২২-২৩ অর্থবছরে এপ্রিল-জুন, ২০২৩ মাসের প্রতিবন্ধী ভাতার ৪র্থ কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী ভাতার সংখ্যা ৫,৪৫৪ জন। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা সমাজসেবা বিভাগ | ২০২২-২৩ অর্থবছরে এপ্রিল-জুন, ২০২৩ মাসের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির ৪র্থ কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৬৭ জন। ২০২২-২৩ অর্থবছরে এপ্রিল-জুন, ২০২৩ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির ৪র্থ কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৭০ জন। ২০২২-২৩ অর্থবছরে এপ্রিল-জুন, ২০২৩ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার ৪র্থ কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার সংখ্যা ৮৮ জন। আরএসএস পূন:বিনিয়োগ করা হয় ২,০০,০০০/- এবং আদায়কৃত ১২,২৭,৮৮০/- টাকা মাত্র। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২৯৪৬ মেঃ টন চাউল ও ৫৪৫ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। রাজবাড়ী সদর উপজেলায় ১৪টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির ২৩১ টি বাদপড়া উপকারভোগীদের তালিকা প্রণয়নের কার্যক্রম চলছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, মে/২০২৩ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭৪১৪৬ জন, মোট গ্রহণকারী ৫৭৫৭৩ জন, গ্রহনকারীর হার ৭৭.৬৫%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০৪ জন, মহিলা ১৩ জন। মোট স্থায়ী পদ্ধতি ১৭ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১৫৬ জন, আইইউডি ৬৯ জন ও ইমপ্লান্ট ২০৬ জন। আশ্রয়ন প্রকল্পে মে/২০২৩ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৬৩ জন। নরমাল ডেলিভারি ১১৩ টি। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে ১ম পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের মধ্যে ৩৬৪ টি সম্পূর্ণ হয়েছে, ২য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ৩১৬ টি সম্পূর্ণ হয়েছে এবং ৩য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ৩৬৪ টি সম্পূর্ণ হয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ৪র্থ পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের মধ্যে ১৪৫ টি নলকূপ খনন কাজ সম্পূর্ণ হয়েছে। এন.এন.জি.পি. এস প্রকল্পে আওতায় ১০ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ সম্পূর্ণ করে বিদ্যালয় কর্তৃপক্ষকে বুঝিয়ে দেওয়া হয়েছে। জি.পি.এস প্রকল্পে আওতায় ০৪ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। পি.ই.ডি.পি-৪ প্রকল্পে আওতায় ০৫টি বিদ্যালয়ের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ১৫ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, মে/২০২৩ মাসে ঋণ বিতরণ ১১৫.০৪ লক্ষ টাকা, ঋণ আদায় ১২৭.৫৩ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৫.৪৮ লক্ষ টাকা ও শেয়ার আদায় ০.০২ টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের মে/২০২৩ মাসে ঋণ বিতরণ ২৯.৫৭ লক্ষ টাকা, ঋণ আদায় ৪০.১৩ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৫.২২ লক্ষ টাকা, সদস্য ভর্তি ১৭ জন ও আদায়ের হার ৯৭%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | বিএডিসি (ক্ষুদ্রসেচ) বিভাগ | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, রাজবাড়ী জোন, রাজবাড়ী সভায় বলেন যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, রাজবাড়ী জোন, রাজবাড়ী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, মে/২০২৩ মাসে ঋণ বিতরণ ১০৫.৩০ লক্ষ টাকা, ঋন আদায় ১৫৫.৮৭ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৫.৮৮ লক্ষ টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ২০ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | সভায় ইউডিএফ জানান যে, ৫ম পর্যায়ের অনুমোদিত ৭টি প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হয়েছে এবং বিল ভাউচার পিএমইউতে প্রেরণ করা হয়েছে। 'খানগঞ্জ আদিবাসী পল্লীতে নিরাপদ পানি, স্যানিটেশন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প'র কাজ সমাপ্ত হয়েছে এবং ঠিকাদারী প্রতিষ্ঠান ২১০৩৬৪৯/- টাকা চূড়ান্ত বিল দাখিল করেছে। উপজেলা পরিষদের মাসিক মিটিং এ অনুমোদন সাপেক্ষে বিলটি পিএমইউতে প্রেরণ করা হবে।<br>সভায় ইউডিএফ আরো জানান যে, ৬ষ্ঠ পর্যায়ের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বরাদ্ধ যথাশীঘ্র পাওয়া যাবে। ৬ষ্ঠ পর্যায়ের জন্য যাচাই -বাছাই কমিটি হইতে দুইটি উপ-প্রকল্প মাসিক সভায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। যথা - ০১. উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রাণি চিকিৎসা কেন্দ্রসহ ল্যাবরেটরি নির্মাণ, ০২. বানীবহ বাজারে একটি পাবলিক টয়লেট নির্মাণ, ৩. আলীপুর ইউনিয়নর বিভিন্ন স্থানে সোলার স্টিক লাইট স্থাপন ও ৪. প্রাক্কলন সাপেক্ষে উপজেলা বিভিন্ন প্রতিষ্ঠান, বাজারে ওয়াশব্লক নির্মার্ণ। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবেই চলছে। | ১) ঠিকাদারী প্রতিষ্ঠান ২১০৩৬৪৯/- টাকা চূড়ান্ত বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিল পিএমইউতে প্রেরণের জন্য ইউডিএফকে অনুরোধ কারা হয়।<br>২) উপ-প্রকল্প দুইটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ডিজাইন, প্রাক্কলন প্রস্তুত করণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী।<br>২) ইউডিএফ, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ২১ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

০৪। উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি/২০২২-২০২৩ অর্থ বছরে সাধারণ বরাদ্দের ১ম কিস্তি বাবদ ১৭.৮৯ টাকা, ২য় কিস্তি বাবদ ১৭.৮৯ টাকা, ৩য় কিস্তি বাবদ ১৭.৮৫ টাকা ও ৪র্থ কিস্তি বাবদ ২০.৬১ টাকা সর্বমোট (১৭.৮৯+১৭.৮৯+১৭.৮৫+২০.৬১) = ৭৪.২৪ (চুহাত্তর লক্ষ চব্বিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছিল। তিনি আরোও জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি'র সাধারণ বরাদ্দ হতে চলতি অর্থ বছরে ৭১.৫৬ (একাত্তর লক্ষ ছাপান্ন হাজার) টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি/২০২২-২০২৩ অর্থ বছরে সাধারণ বরাদ্দের অবশিষ্ট ২.৬৮ (দুই লক্ষ আটষট্টি হাজার) টাকার প্রকল্প গ্রহণের প্রস্তাব জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি/২০২২-২০২৩ অর্থ বছরে সাধারণ বরাদ্দের অবশিষ্ট ২.৬৮ (দুই লক্ষ আটষট্টি হাজার) টাকা দ্বারা নিম্নবর্ণিত প্রকল্পগুলো পিআইসি মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি/২০২২-২০২৩ অর্থ বছরের সাধারণ বরাদ্দ দ্বারা পিআইসি কমিটি'র মাধ্যমে বাস্তবায়নযোগ্য স্কীম তালিকা : | | | |
|---|---|---|---|
| ক্রঃ নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ | মন্তব্য |
| ০১ | রাজবাড়ী সদর উপজেলার বসন্তপুর ও সুলতানপুর ইউনিয়নে টিউবওয়েল স্থাপন | ১,৩৪,০০০/- | পিআইসি |
| ০২ | রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন হাট-বাজারে ডাস্টবিন সরবরাহ | ১,৩৪,০০০/- | পিআইসি |

০৬। উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলা পরিষদ পুকুরে একটি ঘাট নির্মাণের প্রকল্প পূর্বে অনুমোদিত ছিলো, যা নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার জানান, উক্ত পুকুরে ইতিমধ্যে একটি ঘাট বিদ্যমান এবং পুকুরটি যেহেতু উপজেলা পরিষদের আবাসিক এলাকায় অবস্থিত এখানে আরো একটি ঘাট নির্মাণ করলে বহিরাগত প্রবেশের সুযোগ ঘটবে তাতে আবাসিক এলাকার নিরাপত্তা ব্যহত হতে পারে। এছাড়া আবাসিক এলাকার বাসিন্দারাও এই বিষয়ে আপত্তি করেছেন বলে উপজেলা নির্বাহী অফিসার জানান। সভায় আলোচনা শেষে নতুন করে ঘাট নির্মাণের প্রকল্পটি আপাতত বাস্তবায়ন না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়টি কর্তৃপক্ষকে জানিয়ে দেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৭। বিবিধ :

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

| | |
|---|---|
| উপজেলা পরিষদের মালীর এপ্রিল/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ - | ১৬,৫০০/- টাকা |
| উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর এপ্রিল/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ - | ১৬,৫০০/- টাকা |

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

বীরমুক্তিযোদ্ধা আব্দুল জলিল সভায় বলেন যে, বীর নিবাস দ্রুত নির্মাণের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি মুক্তিযোদ্ধাদের নামে সকল রাস্তা নাম করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। আসন্ন রোপা মৌসুমে কৃষকেরা যাতা ভালো বীজ পায় সে বিষয়ে কৃষি বিভাগকে অনুরোধ জানান।

জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। মাননীয় জাতীয় সংসদ সদস্য রাজবাড়ী-১ মহোদয়ের সাথে আলোচনা করে বীর নিবাস নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। জুন মাসের মধ্যে উপজেলা পরিষদ ও সকল ইউনিয়ন পরিষদের বাজেট ঘোষণার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। সকলকে বিভেদ ভুলে কাজ করার অনুরোধ জানান।

সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। সভায় উপস্থিত থাকতে পেরে কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আগামী মাসের মাসিক সভায় উপস্থিত হওয়ার আশাবাদ ব্যক্ত করেন। উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাকে জুন মাসের মধ্যে সকল কাজ সুষ্ঠভাবে সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, উপজেলার সকল কর্মকর্তাকে সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে, মানুষ যাতে সেবার জন্য এসে ভোগান্তির শিকার না হয় সে ব্যাপারে সবাইকে লক্ষ্য রাখতে হবে। তিনি সকলকে আন্তরিকভাবে সুষ্ঠু সমন্বয়েরর মাধ্যমে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

সভাপতি বলেন যে, রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী এবং উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় সভায় উপস্থিত থাকায় সভাকে গুরুত্ব বহন করেছে। তিনি সভায় উপস্থিত থাকলে নীতি নির্ধারক হিসেবে বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়ন সহজতর হয়। তিনি সভায় জানান বিভিন্ন ক্লিনিকে কর্মরত নার্সদের প্রয়োজনীয় প্রশিক্ষণ নেই। নার্স নিয়োগের ক্ষেত্রে প্রশিক্ষিত নার্স নিয়োগের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২৩-৪৬৫(৫০) তারিখ : ২৯.০৫.২০২৩ খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ............................................................

............................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।